

৩০

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে প্রথমবার্ষিক ভর্তি

২৪ জানুয়ারি ২০০৮ পর্যন্ত আবেদনপত্র সংগ্রহ করে জমা দেয়া যাবে।

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে ২০০৭-২০০৮ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণীতে ছাত্রছাত্রী ভর্তির জন্য নির্ধারিত' করমে আবেদনপত্র আহ্বান করা হয়েছে। এ বছর মোট ৪টি অনুষদের ৬টি বিভাগে ছাত্রছাত্রী ভর্তি করা হবে।

বিভাগগুলো হচ্ছে- বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ, ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগ, সঙ্গীত বিভাগ, অর্থনীতি, হিসাব বিজ্ঞান ও তথ্য পদ্ধতি বিভাগ এবং কম্পিউটার, সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ।

আবেদনের যোগ্যতা : যেসব ছাত্রছাত্রী ২০০৪ অথবা ২০০৫ সালের এসএসসি বা সমমানের পরীক্ষায় এবং ২০০৬ বা ২০০৭ সালের এইচএসসি সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে এবং উভয় পরীক্ষায় মোট জিপিএ-৫.৫ পেয়েছে (চতুর্থ বিষয় বাদে) এবং আলাদাভাবে জিপিএ-২.৫ এর কম নয় তারাই আবেদন করতে পারবে। জিসিই ও লেভেলে অন্তত ৫টি বিষয়ে এবং এ লেভেলে অন্তত ২টি বিষয়ে উত্তীর্ণ ছাত্রছাত্রীদের ভর্তির জন্য আবেদন করতে পারবে। তবে তাদের ও এবং এ লেভেল ৭টি বিষয়ের মধ্যে ২টি বিষয়ে বি গ্রেড এবং ৩টি বিষয়ে সি গ্রেড এবং ২টি বিষয়ে ডি গ্রেড পেতে হবে। মোট ৮০ নম্বরের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

বিষয়গুলোতে ভর্তির যোগ্যতা : (১) বাংলা ভাষা ও সাহিত্য বিভাগে ভর্তিচ্ছ ছাত্রছাত্রীদের বাংলা বিষয়ে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ন্যূনতম বি গ্রেড পেতে হবে এবং লিখিত ভর্তি পরীক্ষায় বাংলা বিষয়ে ন্যূনতম ২০ নম্বর এবং ইংরেজিতে ১২ নম্বর পেতে হবে।

(২) ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগে ভর্তি হতে হলে ইংরেজি বিষয়ে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ন্যূনতম বি গ্রেড এবং লিখিত পরীক্ষায় ৪০ নম্বর পেতে হবে।

(৩) সঙ্গীত বিষয়ে ভর্তি হতে হলে লিখিত ভর্তি পরীক্ষায় সঙ্গীত বিষয়ক সাধারণ জ্ঞান বিষয়ে ২০ নম্বর এবং ব্যবহারিক সঙ্গীত পরীক্ষায় ১২ নম্বর পেতে হবে।

(৪) অর্থনীতি বিষয়ে ভর্তির জন্য ভর্তি পরীক্ষায় গণিত বিষয়ে ন্যূনতম ১২ নম্বর পেতে হবে।

(৫) হিসাব বিজ্ঞান ও তথ্য পদ্ধতি বিভাগে ভর্তির জন্য ভর্তি পরীক্ষায় ইংরেজি বিষয়ে ন্যূনতম ১২ নম্বর পেতে হবে।

কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে ভর্তির জন্য এসএসসি ও এইচএসসি পরীক্ষায় মোট জিপিএ-৬.৫ পেতে হবে (চতুর্থ বিষয় বাদে) এবং আলাদা ভাবে জিপিএ-৩.০ থাকতে হবে।

এ ছাড়া উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গণিত ও পদার্থ বিভাগে বি গ্রেড এবং ভর্তি পরীক্ষায় গণিত ও পদার্থ বিভাগে ১২ নম্বর পেতে হবে।

আবেদনপত্র সংগ্রহ : নির্ধারিত আবেদনপত্র ১৪ নভেম্বর থেকে ২০ জানুয়ারি পর্যন্ত নির্ধারিত ব্যাংকে ১৫০ টাকা জমা দিয়ে সংগ্রহ করতে হবে।

ঠিকানা : (ক) সোনালী ব্যাংক, ত্রিশাল শাখা, ত্রিশাল, ময়মনসিংহ (ব) জনতা ব্যাংক, নতুন বাজার শাখা, ময়মনসিংহ (গ) জনতা ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয়, টিএসসি শাখা, ঢাকা-১০০০।

২০ জানুয়ারির মধ্যে সংগৃহীত আবেদনপত্র সংশ্লিষ্ট বিভাগের অফিসে জমা দিয়ে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।

আবেদনপত্রের সঙ্গে যা যা জমা দিতে হবে : (১) সকল পরীক্ষা পাসের নম্বরপত্রের সত্যায়িত কপি (২) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের তিন কপি সত্যায়িত ছবি।

ভর্তি পরীক্ষার তারিখ : ভর্তি পরীক্ষা ২৭ জানুয়ারি থেকে ২৯ জানুয়ারি ২০০৮ পর্যন্ত অনুষ্ঠিত হবে।